অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/16/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো পুনর্গঠন পরিকল্পনায় কর্মক্ষমতা পরিমাপের মাধ্যমে দায়বদ্ধতার নির্দেশ দিয়ে মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটির (METROPOLITAN TRANSPORTATION AUTHORITY, MTA) বোর্ড অফ ডিরেক্টরদের কাছে চিঠি লিখেছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ MTA বোর্ড অব ডিরেক্টরসকে তাদের পুনর্গঠন পরিকল্পনায় কাজ শেষ করার তারিখ এবং কর্মক্ষমতার পরিমাপ অন্তর্ভুক্ত করার জন্য একটি চিঠি লিখেছেন।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিচে দেওয়া হল:

প্রাপকঃ MTA পরিচালনা বোর্ড

আমাকে আপনাদের প্রাথমিক পুনর্গঠন পরিকল্পনা সম্পর্কে অবগত করা হয়েছে। আমি ইতিমধ্যেই মন্তব্য করেছি যে চূড়ান্ত পুনর্গঠন পরিকল্পনাটি MTA-র একটি প্রধান বাকি থাকা বিষয়ের মোকাবিলা করা, তা অপরিহার্য; যেমন, সিস্টেমে গৃহহীনের সংখ্যা বৃদ্ধি।

প্রাথমিক পুনর্গঠন পরিকল্পনায় একটি গুরুতর ভুলও আছে এবং তা হল এই যে এতে কোন কার্য সমাপ্তির তারিখ বা কর্মক্ষমতা পরিমাপের ব্যবস্থা নেই। পরিকল্পনাটি বাস্তবায়নে দুই বছর লাগতে পারে এই প্রস্তাবটি কেবল সম্পূর্ণ পরিকল্পনা সমাপ্তির সাথে সম্পর্কিত হলেই গ্রহণযোগ্য হবে। কিন্তু, এটা গুরুত্বপূর্ণ যে অবিলম্বে উল্লেখযোগ্য অগ্রগতি সম্পন্ন করা আবশ্যক।

পুনর্গঠন পরিকল্পনাটিতে সাবওয়ে অ্যাকশন প্ল্যানে (Subway Action Plan) গত দুই বছর ধরে যে পাঠ, পন্থা এবং পদ্ধতিগুলি ইতিমধ্যেই চলছে এবং কার্যকর প্রমাণিত হয়েছে, তা অবলম্বন করা এবং প্রাতিষ্ঠানিকীকরণ অন্তর্ভুক্ত। MTA-র কাজ হল ইতিমধ্যেই যে অগ্রগতি সম্পন্ন হয়েছে তা চালিয়ে যাওয়া এবং যে সিস্টেমগুলি কাজ করে বলে প্রমাণিত, তা অবলম্বন করা। সাবওয়ে অ্যাকশন প্ল্যানটি MTA আমলাতন্ত্রকে এড়িয়েছে কেন্দ্রীয়কৃত উপর থেকে নিচে বহমান ব্যবস্থাপনার দ্বারা, রাজ্যের কর্মকর্তাদের সরাসরি সহায়তা এবং বাইরের ঠিকাদারের ব্যাপক ব্যবহারের সাহায্যে। যদিও কিছু অতিরিক্ত আর্থিক সংস্থান অব্যাহত থাকবে এবং রাজ্যের কর্মকর্তারা এখনও সহায়তা করবে, MTA-র ব্যবস্থাপনার এখন সম্পূর্ণভাবে জড়িত হওয়া আবশ্যক। দায়ভার এখন MTA-র উপর প্রকৃতই কার্যকর ব্যবস্থাপনার সিস্টেম কার্যকর করা এবং সেই সব কাজ সম্পাদন করা যা তারা আগে করতে ব্যর্থ হয়েছে।

চলমান সাবওয়ে অ্যাকশন প্ল্যান পদ্ধতিগুলিকে প্রাতিষ্ঠানিকীকরণ করা ছাড়াও MTA কে এই বছরের শুরুতে প্রণয়ন করা আইনি সংস্কারকে অবিলম্বে বাস্তবায়িত করতে হবে। MTA বোর্ডকে অবশ্যই এই সংস্কারগুলি কার্যকর করতে হবে, না হলে তারা আইন লঙ্ঘনের দায়ে পড়বে। বড় মাপের প্রচেষ্টা এবং সংস্কার, যার ঘোষণা করা হয়েছে অথবা ইতিমধ্যেই যা চলছে, তার অগ্রগতি হওয়া আবশ্যক।

- ভাড়া ফাঁকি দেওয়া এবং কর্মী নিরাপত্তা টাস্কফোর্স ঘোষণা করা হয়েছে এবং কয়েক সপ্তাহের মধ্যে এটি সম্পূর্ণরূপে চালু হয়ে যাওয়ার কথা ছিল।
- ট্রেনের গতি ও নিরাপত্তা টাস্কফোর্সের ঘোষণা করা হয়েছিল যার কয়েক মাসের মধ্যে কাজ সম্পন্ন করার কথা ছিল। ।
- ষ্টেশন এবং গাড়ি পরিষ্কার করার বাইরের ভেন্ডরের কাজ এই বছরের শেষের মধ্যে সম্পূর্ণ হবার কথা ছিল।
- ব্যর্থ "সময় এবং উপস্থিতি" সিস্টেমের প্রতিকারের জন্য বায়োমেট্রিক ডিভাইস ইনস্টল করা তিন মাসের মধ্যে সম্পন্ন হবার কথা ছিল।
- ট্রেনের ন্যাভিগেশন সিস্টেমের জন্য নতুন বিক্রেতাদের এবং নতুন প্রযুক্তিকে আকৃষ্ট করার জন্য একটি কর্নেল টেকনিওন (Cornell Technion) কনফারেন্স সেপ্টেম্বরের মধ্যে করার কথা ছিল।
- ফরেনসিক অডিট এবং ক্যাপিটাল প্ল্যান রিভিউ বোর্ড (Capital Plan Review Board) আইন দ্বারা বাধ্যতামূলক ছিল এবং এখন চলমান হওয়া উচিত। এই আইটেমগুলি সম্পন্ন না হওয়া পর্যন্ত নতুন ক্যাপিটাল প্ল্যান তৈরি করা যাবে না।
- অনুরূপভাবে "খারাপ ঠিকাদার" বাদ দেওয়ার প্রক্রিয়া আইন দ্বারা বাধ্যতামূলক করা হয়েছে এবং যদি ইতিমধ্যেই সেটি বাস্তবায়ন না করা হয়ে থাকে, তাহলে MTA আইন লঙ্ঘন করছে।
- ট্রান্সপোর্ট ওয়ার্কার্স ইউনিয়ন (Transport Workers Union, TWU) ইউনিয়ন চুক্তির মেয়াদ শেষ হয়ে গেছে এবং একটি নতুন চুক্তি সম্পাদনের উদ্দেশ্যে আলোচনার জন্য চেয়ারম্যান ফয়ে সরাসরি দায়বদ্ধ থাকবেন। নতুন চুক্তির আলোচনার একটি অপরিহার্য উপাদান হল সফল স্বাধীন ঠিকাদারের কর্ম পন্থার উপায়, ব্যবস্থা, পদ্ধতি এবং সরঞ্জাম ব্যবহার করা অবলম্বন করবে কিনা তা নির্ধারণ করা।
- নতুন প্রতিভা নিয়োগের ক্ষেত্রে MTA-র অত্যন্ত খারাপ ইতিহাস আছে। "নতুন কর্মী" এবং সাম্প্রতিকতম জ্ঞান যে কোনও সংস্থার জন্য অপরিহার্য। পরিকল্পনাটির জন্য চীফ ট্রান্সফরমেশন অফিসার, চীফ অপারেটিং অফিসার, সাপোর্ট সার্ভিস হেড, কোয়ালিটি অ্যাসিউরেন্স পরিচালক, গবেষণা ও উন্নয়ন, সংগ্রহ, মানব সম্পদ, একটি অক্ষমতার উপদেষ্টা এবং তথ্য প্রযুক্তি পরিচালকের প্রয়োজন। অগ্রগতি শুরু করার জন্য এই নতুন পদগুলি অপরিহার্য এবং আমি বুঝতে পারি যে পরিকল্পনা হল তিন মাসের তাদের নিয়োগ করা।

তা ছাড়াও, চূড়ান্ত পরিকল্পনায় গৃহহীনতার সংকটের অবিলম্বে মোকাবিলা করা আবশ্যক।

এই সকল বিষয়ে বোর্ডের সদস্যদের শুধু আইনী, বিশ্বাসযোগ্যতার দায় আছে, তাই নয়, MTA-র নির্দেশনার জন্য তাদের নির্দিষ্ট বিশেশজ্ঞতাও তাদের আছে। MTA নিজেই নিজেকে সংস্কার করবে

না। এই অকার্যকর সংস্কৃতি দীর্ঘকাল ধরে গেথে আছে। আমলাতন্ত্র পরিবর্তনের বিরোধিতা করে এবং স্থিতাবস্থা বজায় রাখতে চায়। সংস্কার কেবল একটি বহিরাগত উৎস থেকে আসে। এই কারণে আইন পুনর্গঠন পরিকল্পনাটির দায়িত্ব বোর্ডের উপর ন্যাস্ত করেছে। এই বোর্ডের কাজ পুনর্গঠন পরিকল্পনা বাস্তবায়ন করার প্রতিও প্রসারিত। সাবওয়ে অ্যাকশন প্ল্যান সফলতা লাভ করেছে যা MTA-র ব্যবস্থাপনা ও আমলাতন্ত্রকে অতিক্রম করতে পেরেছে। একইভাবে, পুনর্গঠন এবং রূপান্তরণ শুধু আমলাতন্ত্রের প্রতিরোধের অতিক্রম করেই সম্পন্ন করা যাবে।

আমি নিশ্চিত যে আপনি সম্মত হবেন যে MTA-র পুনর্গঠনের জন্য সব চেয়ে চ্যালেঞ্জিং কাজগুলি ক্যাপিটাল প্রকল্পগুলির দ্বারাই উপস্থাপনা করা হয়েছে । আমার মতে, অসুবিধার সর্বোচ্চ মাত্রা এদের দ্বারা উপস্থাপিত হয়: ইস্ট সাইড অ্যাক্সেস, 2য় অ্যাভিনিউ সাবওয়ে এক্সটেনশন, চারটি নতুন ব্রঙ্কস স্টেশন, বেলমন্ট স্টেশন, LIRR দ্বিতীয় এবং তৃতীয় ট্র্যাকL ট্রেন টানেল ইত্যাদি। এই প্রকল্পগুলি পৃথকভাবে পরিচালনা করা হবে যাতে প্রতিষ্ঠানটির ক্ষমতা অভিভূত হয়ে পড়ে। আমি ক্যাপিটাল প্রকল্পগুলিতে MTA-র ক্ষমতার সম্পূরক হিসেবে কাজ করার জন্য রাজ্যের কর্মকর্তাদের করতে বলব। স্পষ্টতই বোর্ডকে এই প্রকল্পগুলির ভালোভাবে তত্বাবধান করা উচিত। পুনর্গঠন পরিকল্পনার নজর কেন্দ্রীভূত রাখা হবে প্রাথিমিক অপারেশন ম্যানেজমেন্ট সিস্টেমের উপর। এটি রকেট বিজ্ঞান নয়, বরং প্রাথমিক প্রয়োগ এবং তার বাস্তবায়ন। তবে, MTA-র দীর্ঘস্থায়ী ব্যর্থতা হল কার্যকরভাবে নিয়ন্ত্রণ ও পরিচালনা করার অক্ষমতা।

চূড়ান্ত পুনর্গঠন পরিকল্পনার নির্দিষ্ট মানদণ্ড, তারিখ, পরিমাপযোগ্য কর্মক্ষমতার সূচক এবং সময়রেখা থাকতে হবে।

আমি নিশ্চিত যে আলিক্সপার্টনার্স (AlixPartners) বা কোনও বিশ্বাসযোগ্য ব্যবস্থাপনার পরামর্শদাতা সম্মত হবেন যে কোনও নির্দিষ্ট বেঞ্চমার্ক ছাড়া একটি রূপান্তরণ পরিকল্পনা এবং নির্দিষ্ট নির্দেশক ছাড়া সার্বিক সাংগঠনিক কর্মক্ষমতা পরিকল্পনা বড় জোর অলীক কল্পনা মাত্র। চূড়ান্ত পরিকল্পনায় এখানে আলোচনা করা বিষয়গুলির জন্য সমাপ্তির তারিখ, এবং পুনর্গঠনের জন্য নির্দিষ্ট আইটেম অন্তর্ভুক্ত করা উচিত।

সমগখেপে বলতে গেলে, সাবওয়ে অ্যাকশন প্ল্যানের অসাধারণ হস্তক্ষেপগুলি টেকসই নয়, তবে তাদের কখনও প্রয়োজন হবার কথাও ছিল না। যদি MTA তার প্রাথমিক কাজগুলি করত, তাহলে 2017 সালের সংকট কখনো ঘটতো না।

ণিউ ইয়র্কবাসীরা বেশি ভাড়া, টোল এবং অসুবিধা সহ এই সিস্টেমে কোটি কোটি মার্কিন ডলার বিনিয়োগ করেছেণ। নিউ ইয়র্কবাসীরা বহু ধৈর্য ধরেছেন। MTAকে অবিলম্বে অবশ্যই সাবওয়ে অ্যাকশন প্ল্যানের অগ্রগতি অব্যাহত রাখতে হবে। আমি আপনাকে আপনার মাসিক মিটিং, পর্যবেক্ষণের সময়সীমা, শেষ করার তারিখ এবং সমাপ্তির হারে বিস্তারিত আপডেট করুন তার সুপারিশ করছি। বাস্তবায়ন যদি হোঁচট খায় বা সময়সূচী থেকে পিছিয়ে থাকে, তাহলে জনসাধারণের পড়ে জানার চেয়ে এখনই জানার অধিকার আছে।

আমি ভবিষ্যত নীতি এবং প্রোগ্রামের সিদ্ধান্তগুলিকে জানানোর জন্য ছয় মাসের মধ্যে MTA-র অগ্রগতির পূর্ণ মূল্যায়ন করার জন্য বলব।

আর স্থান নেই দুর্বল কর্মক্ষমতার জন্য অজুহাত, রাজনীতি, নাটক, বলির পাঁঠা খাড়া করার, বা তা সহ্য করার। হয় ম্যানেজমেন্ট তার কাজ সম্পন্ন করবেন নয়ত তারা তাদের সর্বজনীন কর্তব্যে হবেন।

বিনীত,

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন